

খুলনা বিশ্ববিদ্যালয়  
খুলনা  
রেজিস্ট্রারের কার্যালয়  
সংস্থাপন শাখা-০১



স্মারক নং খবি/প্রশা-৬২/৯১- ৩১৩

তারিখ : ৩১-০১-২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের অধীন নিম্নবর্ণিত ডিসিপ্লিনসমূহের অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১। অধ্যাপক (গ্রেড-৩) : (বেতনক্রম ৫৬,৫০০ - ৭৪,৪০০/-)

ডিসিপ্লিন ও পদসংখ্যা

- ক) ডিভেলপমেন্ট স্টাডিজ -০১ (এক) টি  
খ) মানব সম্পদ ব্যবস্থাপনা -০২ (দুই) টি  
গ) ইতিহাস ও সভ্যতা -০১ (এক) টি  
ঘ) গণ যোগাযোগ ও সাংবাদিকতা -০১ (এক) টি

২। সহযোগী অধ্যাপক (গ্রেড-৪) : (বেতনক্রম ৫০,০০০ - ৭১,২০০/-)

ডিসিপ্লিন ও পদসংখ্যা

- ক) মানব সম্পদ ব্যবস্থাপনা -০১ (এক) টি  
খ) ইতিহাস ও সভ্যতা -০২ (দুই) টি

আবেদনের শর্তাবলী :

- ০১। আবেদন অনলাইন(Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৩নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০(দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০২-০২-২০২৩ হতে ১৬-০২-২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪-০০ টার মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ড কপি প্রেরণ করতে হবে। অনলাইন(Online) এর আবেদনের সাথে ৬০০.০০ (ছয়শত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করতে হবে। অনলাইন(Online) এ আবেদনের নিয়মাবলী, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগসংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://www.ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- ০২। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদির সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে:  
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি  
(খ) সকল মার্কসিট/ট্রান্সক্রিপ্টের কপি  
(গ) নাগরিকত্ব সনদ/ NID কার্ডের কপি
- ০৪। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।
- ০৫। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।
- ০৬। নিয়োগ প্রদানসংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

E-mail : [office@registrar.ku.ac.bd](mailto:office@registrar.ku.ac.bd)